দৈনিক বাংলা 51

তারিখ 15 MAR 1990
পৃষ্ঠা ২ কলাম ৩

20

## ভার্সিটি খুলে দিনঃ ছাত্রদল

জাতীয়তাবাদী ছাত্রদল সাধারণ সম্পাদক আমানউল্লাহ আমান গতকাল এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি দু'দিনের ব্যবধানে দু'ধরনের সিদ্ধান্ত দেয়ায় বিস্ময় ও ক্ষোভ প্রকাশ করেছেন।

জনাব আমান বিবৃতিতে প্রশ্ন রাখেন, গত ৯ই মার্চ প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভায় যেখানে নিরাপত্তার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করে বিশ্ববিদ্যালয় খোলার প্রস্তাব করা হয়, সেখানে ১১ ই মার্চ 'নিরাপত্তার অভাবে

(শেষ পৃঃ ৫-এর কঃ ৪ঃ)

### ভার্সিটি খুলে দিনঃ

(প্রথম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় খোলা সম্ভব নয়' বলে কিভাবে সিদ্ধান্ত নেয়া হয়।

তিনি অভিযোগ করেন ভিসি ও সরকারের প্ররোচনায় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার পক্ষে মত দিয়েছে।

জনাব আমান দায়িত্ব পালনে ব্যর্থতার জন্য ভিসি আব্দুল মান্নানের পদত্যাগ ও রমজানের পূর্বেই বিশ্ব-বিদ্যালয় খুলে দেয়ার দাবী জানান, খবর বিজ্ঞপ্তির।